দৈনিক সংবাদ

তারিখ ... 18 NOV 1994 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

10

সশস্ত্র সংঘর্ষ এড়াতে

# ঝিনাইদহের শৈলকুপা ডিগ্রি কলেজে ছাত্র রাজনীতি নিষিদ্ধ

ঝিনাইদহ, ১৭ নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– ছাত্র সংগঠনগুলোর মধ্যে সশস্ত্র সংঘর্ষ এড়াতে এবং লেখাপড়ার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে শৈলকুপা সরকারি ডিগ্রি কলেজে তিন মাসের জন্য ছাত্র রাজনীতি নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

প্রকাশ, গত ৫ই নভেম্বর প্রথমবর্ষ ক্লাস শুরুর দিনেই কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ (ম–ই) কর্মী বাচ্চু (২০) জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীদের চাইনিজ কুড়ালের আঘাতে গুরুতর আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। ঘটনার পরপরই কলেজ অধ্যক্ষের অফিস কক্ষে অনুষ্ঠিত শিক্ষক–দের এক জরুরী সভায় ১০ই নভেম্বর পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করা হয় (সংবাদ–৬ই নভেম্বর)। পরদিন ৬ই নভেম্বর ছাত্রলীগ (ম–ই) কর্মীদের ধারালো অস্ত্রের আঘাতে জাতীয়তাবাদী ছাত্রদল কর্মী আশরাফু–জ্জামান বটু (১৯) থানা পরিষদের মোড়ে গুরুতর আহত হয়ে হাসপাতালে ভর্তি হলে পরিস্থিতির আরও অবনতি ঘটে এবং ব্যাপক রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা দেখা দেয়। অবনতিশীল পরিস্থিতি রোধ ও সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে স্থানীয় সাংসদের পরামর্শে ও কলেজ কর্তৃপক্ষের উদ্যোগে গত ৯ই নভেম্বর অধ্যক্ষের অফিসকক্ষে শিক্ষক প্রতিনিধি এবং স্থানীয় বিএনপি ও আওয়ামী লীগ নেতৃবৃন্দের এক সমঝোতা বৈঠক অনুষ্ঠিত হয়।

সমঝোতা বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী গত ১২ই নভেম্বর কলেজ মিলনায়তনে ছাত্র–শিক্ষক ও স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দের এক সভা অনুষ্ঠিত হয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ উপাধ্যক্ষ মোঃ রিয়াজউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন সাংসদ আলহাজ্ব মোঃ আবদুল ওহাব এবং বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক মুহম্মদ আলী আবন্দ, জেলা পুলিশ সুপার আনিসুর রহমান, ভারপ্রাপ্ত থানা নির্বাহী কর্মকর্তা নলিনী রঞ্জন বসাক ও পৌর চেয়ারম্যান খলিলুর রহমান। বক্তব্য রাখেন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দসহ বিভিন্ন রাজনৈতিক দলের স্থানীয় নেতৃবৃন্দ। সভায় আগামী তিন মাসের জন্য ক্যাম্পাসে ছাত্র রাজনীতি নিষিদ্ধ, ঐদিন (১২ই নভেম্বর) থেকেই যথারীতি ক্লাস শুরু ও পূর্বঘোষিত সময়সূচী অনুযায়ী পরীক্ষা গ্রহণসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত ঘোষণা করা হয়।